



Embassy of the People's Republic
of Bangladesh
Athens



বাংলাদেশ ও গ্রীসের মধ্যে অভিবাসন বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী গ্রীসে
বসবাসরত অনিয়মিত বাংলাদেশীদের নিয়মিতকরণ বিষয়ে

বিশেষ বিজ্ঞপ্তি-১৪

বাংলাদেশ ও গ্রীসের মধ্যে অভিবাসন বিষয়ে স্বাক্ষরিত সমঝোতা স্মারক ও গ্রীক সরকারের আইন নং- ৪৯৫৯/২০২২ (A 144) ও ডিসিসন নং-৭১৬৬৫৯; ২৯/১১/২০২২ ইং (B 6271) অনুযায়ী যে সকল গ্রীস প্রবাসী বাংলাদেশীরা গ্রীস সরকারের অনলাইন প্ল্যাটফর্ম (<https://portal.immigration.gov.gr/electronic-applications>)- এ পাঁচ বছর মেয়াদী গ্রীস রেসিডেন্ট পারমিট- এর জন্য আবেদনের উদ্দেশ্যে দূতাবাসে নাম নিবন্ধন করে পাসপোর্টের কপি সত্যায়ন (Attestation) করে নিয়েছেন তাদের মধ্যে যাদের **সত্যায়ন (Attestation) নম্বর 00001 হতে 08249** (তারিখঃ ১৫/০৬/২০২৩ ইং) পর্যন্ত তারা এখন হতে গ্রীস সরকারের ঘোষিত নির্ধারিত সময় এর মধ্যে অনলাইন প্ল্যাটফর্মে আবেদন করতে পারবেন।

গ্রীস প্রবাসী বাংলাদেশীদের যাদের বৈধতা নেয়ার সুযোগ রয়েছে তাদের দ্রুত বৈধতা নেয়ার উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, যাদের পাসপোর্টের মেয়াদ আবেদনের দিন পর্যন্ত দুই বছরের কম থাকবে, তারা আবেদন করতে পারবেন না।

এক্ষেত্রে কোনো বাংলাদেশী নাগরিক অতি উৎসাহী হয়ে কোনোভাবে কোনো দালাল বা প্রতারক দ্বারা প্রতারিত না হোন এবং বিভ্রান্তিমূলক প্রচারণা ও প্রতারক চক্রের প্ররোচনার বিষয়ে সতর্ক থাকার জন্য দূতাবাসের পক্ষ থেকে সকলকে অনুরোধ করা হলো। গ্রীক সরকার কর্তৃক ঘোষিত নির্ধারিত সময়ের মধ্যে কোনো ধরনের তাড়াহুড়া না করে, প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে ধৈর্য সহকারে সঠিকভাবে কাগজপত্র প্রস্তুত ও সংগ্রহ করে নির্ধারিত পদ্ধতিতে নির্ভুলভাবে আবেদন করতে হবে।

এ বিষয়ে দূতাবাস থেকে নিয়মিত হালনাগাদ তথ্য দেয়া হবে, প্রবাসীদের সর্বাঙ্গিক সহযোগিতা কাম্য।



[Signature]

এথেন্স, ১৬ জুন, ২০২৩

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr